স্মারক নং-৪৯২

ডি,ও পত্র ঃ

তারিখ- ২১/০১/২০২৪

বিষয় ঃ **চট্টগ্রাম জেলার রাউজান উপজেলাধীন সংযুক্ত তফসিল ভূক্ত এলাকার ভূমি রাউজান পৌরসভার ০৩ নং ওয়ার্ডে অন্তর্ভূক্ত করণ প্রসঙ্গে।**

আস্সালমু আলাইকুম, উপযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,আমার নির্বাচনী এলাকা-২৮৩ চট্টগ্রাম-৬ এর রাউজান উপজেলা পাহাড় ও নদী বেষ্টিত ২৪৩ বর্গকিলোমিটার আয়তন এবং ৩ লক্ষ ৫০ হাজার মানুষের বৃহৎ একটি উপজেলা। বিগত ১৮ ফেব্রুয়ারী ১৯৯৮ খ্রিঃ তারিখে রাউজান পৌরসভা গঠিত হয়। বর্তমানে রাউজান পৌরসভাটি ''ক'' শ্রেণীর পৌরসভা। অত্র পৌরসভা বর্তমানে বর্জ্য প্রক্রিয়াজাতকরণের জন্য ব্ল্যাক সোলজার ফ্লাই প্ল্যান্ট এবং অপচনশীল প্লাস্টিক সমূহ পুনঃ ব্যবহারের জন্য রাউজান পৌরসভা প্লাস্টিক রিসাইক্লিং প্ল্যান্ট নির্মাণের পরিবেশ বান্ধব শহর গড়ায় ব্যাপক প্রস্তুতি সম্পন্ন করে চলেছে। বাংলাদেশের নেদারল্যান্ড সরকারের সহযোগিতায় পরিকল্পিত শহর উন্নয়নের কার্যক্রম শুরু করার জন্য রাউজান পৌরসভাকে পাইলট প্রকল্পের আওতাভূক্তির পাশাপাশি ইউজিআইআইপি-4 প্রকল্পের কায়ক্রম চলমান রয়েছে। রাউজান পৌরসভা গঠণের সময় কিছু এলাকা পৌরসভার ৩নং ওয়ার্ডের আওতাভূক্ত করা প্রয়োজন ছিল। কিন্তু দূভার্গ্যক্রমে সংযুক্ত এলাকাটি পৌরসভায় আওতাভূক্ত করা হয় নাই, তাই উক্ত এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের দাবীর প্রেক্ষিতে এলাকাটি ০৩নং ওয়ার্ড ভূক্ত করা একান্ত প্রয়োজন। এবিষয়ে রাউজান পৌরসভা হতে স্মারক নং-১০৭, তারিখ-০৫.০২.২০২৩ইং তারিখে আপনার মন্ত্রণালয়ের সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, সংযুক্ত তফসিলে উল্লিখিত ভূমি পৌরসভা'র আওতাভূক্ত করণের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

14/1/2024

(এ.বি.এম ফজলে করিম চৌধুরী, এম.পি.)

মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরী নং....২০....
তারিখ....২৩/০১/২০২৪....
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
(মন্ত্রীর দপ্তর)

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |

ডাইরি নং ঃ....................
তারিখঃ....২৪/১/২৪

স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন অনুবিভাগ

| | |
|---|---|
| ১। যুগ্মসচিব (নঃ উঃ-১) | ৪। উপসচিব (সিঃ কঃ-১) |
| ২। যুগ্মসচিব (নঃ উঃ-২) | ৫। উপসচিব (সিঃ কঃ-২) |
| ৩। যুগ্মসচিব (নঃ উঃ-৩) | ৬। সিঃ সহঃ সচিব (নঃ উঃ-১/২) |

ডায়েরী নং:২৪৭
তারিখ:২৮/০১/২৪
স্বাক্ষর

যুগ্মসচিব (নগর উন্নয়ন)

# রাউজান পৌরসভা
# RAOZAN POURASHAVA
স্থাপিত ঃ ১৯৯৮ ইংরেজী
রাউজান, চট্টগ্রাম।

তারিখ ঃ........০৫/০৯/২০২৩ইং

স্মারক নং ঃ ১০৭

বরাবর,
সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ- এ.বি.এম ফজলে করিম চৌধুরী, সংসদ সদস্য, রাউজান-৬, চট্টগ্রাম।**

**বিষয় ঃ- সংযুক্ত তফসিলের এলাকার ভূমি রাউজান পৌরসভার ০৩ নং ওয়ার্ডের অধীনে অন্তর্ভূক্তির আবেদন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা হ'ল। রাউজান পৌরসভা ১৮-০২-১৯৯৮ সালে প্রতিষ্ঠিত। বর্তমানে রাউজান পৌরসভা ১ম শ্রেণীর পৌরসভা। অত্র পৌরসভা বর্তমানে বর্জ্য প্রক্রিয়াজাতকরণ প্রকল্পের ব্ল্যাক সোলজার নির্মাণে পরিবেশ বান্ধব শহর গড়ায় ব্যাপক প্রস্তুতি সম্পন্ন করে চলেছে। বাংলাদেশে নেদারল্যান্ড সরকারের সহযোগিতায় পরিকল্পিত শহর উন্নয়নের কার্যক্রম শীঘ্রই শুরু হবে। বর্তমানে উক্ত পৌরসভা সরকারের উন্নয়নের পাইলট প্রকল্পের আওতাভুক্ত পাশাপাশি UGIIP-4 প্রকল্প বর্তমানে অনুমোদনের অপেক্ষায়। রাউজান পৌরসভাটি গঠনের সময় কিছু এলাকা পৌরসভার ০৩ নং ওয়ার্ডের আওতাভুক্ত করা প্রয়োজন ছিল। কিন্তু দূর্ভাগ্যক্রমে কিছু গুরুত্বপূর্ণ এলাকা পৌরসভার আওতাভুক্ত করা হয় নাই বর্তমানে উক্ত এলাকার বাসিন্দারা দীর্ঘদিন থেকে পৌরসভার ০৩ নং ওয়ার্ডে অন্তর্ভূক্ত হতে আগ্রহ প্রকাশ করে আসছে।

উল্লেখ্য যে, রাউজান পৌরসভার ০৩ নং ওয়ার্ডে উক্ত এলাকা পৌরসভা আওতাভুক্ত হলে কিছু সরকারী স্থাপনা পৌরসভার সেবার আওতায় আনা যাবে। পাশাপাশি পৌরসভার রাজস্ব আয়ও বৃদ্ধি পাবে। এমনকি পৌরসভার সৌন্দর্য এবং কলেবর বৃদ্ধি পাবে। উক্ত ভূমি পৌরসভায় অন্তর্ভূক্তি করা হলে কোন পরিবার কিংবা বসতি ক্ষতিগ্রস্ত হবে না। আকর্ষণীয় ও আদর্শ পৌরসভা গঠনে সংযুক্ত তফসিলের ভূমি ও স্থাপনা সমূহ ০৩ নং ওয়ার্ডের অন্তর্ভূক্তিকরণ আবশ্যক।

এমতাবস্থায়, সংযুক্ত তফসিলের ভূমি ও স্থাপনা পৌরসভার সেবা ও উন্নয়নের আওতায় আনার নিমিত্তে প্রয়োজনীয় প্রশাসনিক অনুমোদনের জন্য আকুল আবেদন করা যাচ্ছে।

**সংযুক্ত -**
ক) প্রস্তাবিত ভূমির দাগসমূহের বিবরণ - ০১ পাতা।
খ) প্রস্তাবিত ভূমির মৌজা ম্যাপ - ০৩ পাতা।
গ) প্রস্তাবিত ভূমির সিট ম্যাপ - ০৩ পাতা।

(মোঃ জমির উদ্দিন পারভেজ)
মেয়র
রাউজান পৌরসভা, চট্টগ্রাম।


স্মরক নং ঃ

তারিখ ঃ.............................

## প্রস্তাবিত ভূমির দাগসমূহের বিস্তারিত বিবরণ

| ক্রমিক নং | দিক | চৌহদ্দীর বিবরণ | বিবরণ |
|---|---|---|---|
| ০১ | উত্তর | **দাগের বাকী অংশ** | মৌজা-দক্ষিণ সর্তা |
| | দক্ষিণ | রাঙ্গামাটি চট্টগ্রাম সড়ক | সিট নং-০২ |
| | পূর্ব | চিকদাইর মৌজা | জেএল নং-১৭ |
| | পশ্চিম | দক্ষিণ সর্তা মৌজার বাকী দাগসমূহ | প্রস্তাবিত দাগসমূহ- ৪৪৪২, ৪৪৪৩, ৪৪৫০, ৪৪৮৫, ৪৪৮৩ পর্যন্ত এবং ৪৫৬২ হইতে ৪৫৬৬ পর্যন্ত। |
| ০২ | উত্তর | **০৩ নং সিটের অবশিষ্ট দাগসমূহ** | মৌজা-চিকদাইর |
| | দক্ষিণ | রাঙ্গামাটি চট্টগ্রাম সড়ক | সিট নং-০৩ |
| | পূর্ব | চিকদাইর মৌজার ৪ নং সিটের ভূমি | জেএল নং-২৭ |
| | পশ্চিম | দক্ষিণ সর্তা মৌজার ভূমি | প্রস্তাবিত দাগসমূহ-১০৩৯৪ হইতে ১০৪১৪ পর্যন্ত। |
| ০৩ | উত্তর | **চিকদাইর মৌজার ০৪ নং সিটের বাকী দাগসমূহ** | মৌজা-চিকদাইর |
| | দক্ষিণ | রাঙ্গামাটি-চট্টগ্রাম সড়ক | সিট নং-০৪ |
| | পূর্ব | সুলতানপুর মৌজা | জেএল নং-২৭ |
| | পশ্চিম | চিকদাইর মৌজার ০৩ নং সিটের দাগসমূহ | প্রস্তাবিত দাগসমূহ- ১৩১৪৪ হইতে ১৩১৯৩ পর্যন্ত। |

(মোঃ জমির উদ্দিন পারভেজ)
মেয়র
রাউজান পৌরসভা, চট্টগ্রাম।



মৌজা:-দক্ষিণ সর্ত্তা

সিট নং :- ০২

প্রস্তাবিত দাগ -

(৪৪৪২, ৪৪৪৩, ৪৪৫০, ৪৪৮৫, ৪৪৮৬) পর্যন্ত এবং

৪৫২৬ হইতে ৪৫৬৬ পর্যন্ত